BANGLA NEWS 24.com

# উত্তরা ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপিত

নিউজ ডেস্ক | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ফেব্রুয়ারি ৫, ২০২৫

**Source: https://banglanews24.com/**




ঢাকা: ‘সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার’ প্রতিপাদ্যকে সামনে রেখে উত্তরা ইউনিভার্সিটিতে উদযাপিত হয়েছে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫।

বুধবার (৫ ফেব্রুয়ারি) সকালে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। এছাড়া আরও উপস্থিত ছিলেন পরীক্ষানিয়ন্ত্রক মোহাম্মদ আলী, আইটি ডিরেক্টর মো. এহসানুল হক, এইচআর ডিরেক্টর খন্দকার সাইফুল ইসলাম, জয়েন্ট লাইব্রেরিয়ান

(লাইব্রেরিয়ান ইনচার্জ) নুর আহমদ, ডেপুটি ডিরেক্টর মো. মাহফুজ-উল হকসহ ও শিক্ষক, শিক্ষার্থী ও কর্মাচারীরা।

শিক্ষা একটি জাতির মেরুদণ্ড, আর গ্রন্থাগার হলো শিক্ষার মেরুদণ্ড। তাই দেশ, জাতি, সমাজ ও শিক্ষাকে এগিয়ে নিতে হলে গ্রন্থাগার ব্যবহারের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেন অনুষ্ঠানের অতিথিরা।

এ দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং ১২ ফেব্রুয়ারি এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান  অনুষ্ঠিত হবে। সেই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর সলিমুল্লাহ খান।

বাংলাদেশ সময়: ফেব্রুয়ারি ০৫, ২০২৫

এএটি